৬/৮/২০০১

তারিখ ............
পৃষ্ঠা ১ ...... কলাম ... ৪ ......

দৈনিক ইনকিলাব

# ঢাবি ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট অব্যাহত
# আগামী ৪ দিনের পরীক্ষা স্থগিত ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জাতীয়তাবাদী ছাত্রদলের আহ্বানে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লাগাতার ছাত্র ধর্মঘটের ৮ম দিনে গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী চারদিনের পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় আগামী ৯ আগস্ট পর্যন্ত কলাভবন ও কার্জন হল কেন্দ্রসহ বিভিন্ন ইনস্টিটিউটে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। এদিকে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে অবহিতকরণ ও পরামর্শ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের ভিসি ও সিন্ডিকেট সদস্যগণ আজ তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনার পর আশা প্রকাশ করা হয় যে, ছাত্র সংগঠনসমূহের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে অচিরেই বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত বর্তমান সঙ্কট নিরসন হবে। সভায় খুলনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর সরকার আব্দুর রাজ্জাক নৃশংসভাবে নিহত

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ছাত্র ধর্মঘট অব্যাহত

৮-এর পৃষ্ঠার পর

হওয়ার ঘটনায় তীব্র ক্ষোভ, নিন্দা জ্ঞাপন ও গভীর দুঃখ প্রকাশ করে ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হয়। এদিকে গত শনিবার ছাত্রদল ও ছাত্রলীগের সাথে সিন্ডিকেট কমিটির আলোচনার পর ছাত্রদলের দাবীনামা নিয়ে গতকাল প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি ও সিন্ডিকেট সদস্যদের সভায় বিস্তারিত আলোচনা হলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে পারেনি।